যুগান্তর

তারিখ 11 MAR 2013
পৃষ্ঠা ... কলাম ৪

### বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকদের হুঁশিয়ারি

# চবিতে গণজাগরণ মঞ্চ মেনে নেয়া হবে না

**চবি প্রতিনিধি**

শাহবাগের গণজাগরণ মঞ্চের বিক্ষোভ মিছিল ও সমাবেশ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মেনে নেয়া হবে না বলে হুঁশিয়ার করে দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকদের সংগঠন সাদা দল। নেতারা বলেন, সরকার নিয়ন্ত্রিত গণজাগরণের নামে বিরোধী দলের বিরুদ্ধে কোন কর্মসূচি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মেনে নেয়া হবে না। এ গণজাগরণ মঞ্চ দেশকে বিভক্তির দিকে ঠেলে দিয়েছে। রোববার দেশব্যাপী গণহত্যা, গণগ্রেফতার, গণমাধ্যম দমন ও সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলার প্রতিবাদে মানববন্ধন ও মৌন মিছিল কর্মসূচি পালনকালে তারা এসব কথা বলেন। বক্তারা আরও বলেন, যুদ্ধাপরাধীদের বিচারের নামে বিতর্কিত ট্রাইব্যুনাল মেনে নেয়া হবে না। দেলোয়ার শিকদারের বিচারের নামে মাওলানা সাঈদীর বিচার করা হচ্ছে। দেলোয়ার শিকদার ও সাঈদী একই ব্যক্তি নয়। দেশব্যাপী সংখ্যালঘুদের ওপর হামলা সরকারদলীয় নেতাকর্মীরাই করছে বলে অভিযোগ করে তারা বলেন, রাজনৈতিক এজেন্ডা বাস্তবায়নের লক্ষ্যেই দেশের বিভিন্ন স্থানে সরকারদলীয় নেতাকর্মীরা সংখ্যালঘুদের ওপর হামলা করেছে। এর সবচেয়ে বড় প্রমাণ শেরপুরে শহীদ মিনার ভাঙতে গিয়ে আওয়ামী লীগ কর্মী আটক। যুদ্ধাপরাধীদের বিচারের ট্রাইব্যুনালকে দলীয় ট্রাইব্যুনাল আখ্যায়িত করে সাদা দলের শিক্ষকরা বলেন, এই ট্রাইব্যুনালটি দলীয় এজেন্ডা বাস্তবায়ন ও বিরোধী দলকে ঠেকানোর লক্ষ্যে তৈরি করা হয়েছে। ফলে অবিলম্বেই জাতিসংঘ ও আন্তর্জাতিক আদালতের মানদণ্ড বজায় রেখে আন্তর্জাতিকমানের ট্রাইব্যুনাল বাস্তবায়নের আহ্বান জানান তারা।

বিরোধী দলের নেতাকর্মীদের ওপর মিথ্যা মামলা প্রত্যাহার ও গণগ্রেফতারের নিন্দা জানিয়ে তারা বলেন, একটি সোনার বাংলাদেশ গড়তে জাতীয় ঐক্যের বিকল্প নেই। যেখানে সমস্ত নির্বিঘ্নে থাকবে সব মানুষের অধিকার। বাংলাদেশী জাতীয়তাবাদ ও ধর্মীয় মূল্যবোধে উজ্জীবিত শিক্ষক সমাজ (সাদা দল) আয়োজনে মানববন্ধন ও মৌন মিছিলে উপস্থিত ছিলেন সাদা দলের আহ্বায়ক অধ্যাপক একেএম গোলাম মহিউদ্দিন, অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী, অধ্যাপক আ ন ম মুনির, অধ্যাপক সিদ্দিক আহমেদ চৌধুরী, অধ্যাপক হাসান মোহাম্মদ, অধ্যাপক আবদুল করিম, মুহাম্মদ জাকারিয়া, শাহ আলম প্রমুখ। উল্লেখ্য, বুধবার ঢাকার বাইরে প্রথমবারের মতো গণজাগরণ মঞ্চের সমাবেশ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হওয়ার কথা।